



উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণির উপবৃত্তির নোটিশ
(শিক্ষাবর্ষ ২০২৪-২০২৫)

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণির বিজ্ঞান ও মানবিক শাখায় ভর্তিকৃত ছাত্রীদের মধ্য হতে দরিদ্র ও মেধাবীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত সময়সূচি মোতাবেক কলেজের নিজস্ব ওয়েব সাইট (Website: www.mugmc.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে নিম্নোক্ত সময়সূচি মোতাবেক অত্র কলেজের ১০৪ নং কক্ষে জমা দেওয়ার জন্য জন্য নির্দেশ দেয়া হলো।

পূরণকৃত ফরম জমাদান

ক্রমিক নং	নির্দেশনা	তারিখ	সময়
১.	পূরণকৃত উপবৃত্তি ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাদানের তারিখ	০৯/০২/২০২৫ থেকে ১৬/০২/২০২৫ পর্যন্ত	সকাল-১০:০০টা-০১:০০ টা ১০৪ নং কক্ষ

আবেদনের সাথে যা সংযুক্ত করতে হবে :

- একই পিতা/মাতা/অভিভাবকের ০২ (দুই) জন সন্তান উপবৃত্তির জন্য নির্বাচিত হলে একটি 'নগদ' একাউন্ট নম্বর সর্বোচ্চ ০২ (দুই) জন সন্তানের উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে। তবে পিতা/মাতা/ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সম্বর ০২ (দুই) জন সন্তানের ক্ষেত্রে একই থাকতে হবে।
- শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।
- শিক্ষার্থী কর্তৃক সঠিকভাবে পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম।
- পিতা/মাতা/ অভিভাবকের বার্ষিক আয়ের সনদপত্র (আবশ্যিক)।
- শিক্ষার্থীর ১৭(সতের) ডিজিটের অনলাইন জন্মসনদ।
- পিতা এবং মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)।
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)।
- এস এস সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এবং ফলাফলের ফটোকপি।
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং 'নগদ' একাউন্ট করতে হবে।
- ভিন্ন ভিন্ন জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন এবং 'নগদ' একাউন্ট খোলা যাবে না।

যা অবশ্যই মনে রাখতে হবে :

- একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে। অথবা মাতাকে অভিভাবক নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে। অথবা পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতা/মাতা/অভিভাবকের নাম প্রদান করতে হবে।
- সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ শুধুমাত্র মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' এর মাধ্যমে প্রদান করা হবে।

আবেদনের অযোগ্যতা :

- সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষা ভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনে অযোগ্য বলে বিবেচিত হবে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিনে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ উপবৃত্তির আওতা ভুক্ত হবে না।

প্রফেসর তাহমিনা পারভীন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ

ফোন নং : ০২৯৯৬৬৬৭২৪৭
০৬/০২/২০২৫

বিতরণ-

- উপাধ্যক্ষ, অত্র কলেজ।
- সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
- আহবায়ক, উপবৃত্তি কমিটি, অত্র কলেজ।
- প্রধান সহকারী, অত্র কলেজ।
- হিসাব রক্ষক, অত্র কলেজ।
- নোটিশ বোর্ড, অত্র কলেজ।
- সংরক্ষণ নথি।